মার্কিন নির্বাচন: ট্রাম্পের মামলা সুপ্রিম কোর্টে খারিজ

চেম্বার ডেস্ক:: বড় দুঃসংবাদ পেলেন ডোনাল্ড ট্রাম্প। যুক্তরাষ্ট্রের চারটি স্টেটের নির্বাচনের ফলাফল বাতিল করার জন্য ট্রাম্পের সমর্থনে করা মামলা খারিজ করে দিয়েছে দেশটির সুপ্রিম কোর্ট।

এই সপ্তাহে টেক্সাস অঙ্গরাজ্য এই মামলাটি করে। সেখানে বলা হয় জর্জিয়া, মিশিগান, পেনসিলভানিয়া এবং উইসকনসিনের নির্বাচনের ফলাফল বৈধ না। এই চারটি স্টেটে বিজয়ী হয়েছেন জো বাইডেন।

মামলাটিতে ১৯ স্টেটের অ্যাটর্নি জেনারেল এবং কংগ্রেসের ১২৭ জন রিপাবলিকান সদস্যের সমর্থন রয়েছে। তবে শুক্রবার সুপ্রিম কোর্ট মামলা খারিজ করার কারণ হিসেবে বলেছে টেক্সাসের কোনও আইনি সক্ষমতা নেই মামলাটি করার।

আদালত বলেছেন, ‘যখন অন্য একটি স্টেট তাদের নির্বাচন করে তখন টেক্সাসের সেই নির্বাচনে কোনো বিচারিক আগ্রহ থাকতে পারে না’।

এর আগে পেনসিলভানিয়াতে জো বাইডেনের জয়ের বিরুদ্ধে করা আরেকটি মামলা খারিজ করে আদালত।

মার্কিন ইলেকট্রোরাল কলেজ ভোটে ডেমোক্র্যাটিক প্রার্থী জো বাইডেন ট্রাম্পকে ৩০৬-২৩২ হারিয়ে দেন। বাইডেন ট্রাম্পের চেয়ে ৭০ লাখ ভোট বেশি পান। খবর বিবিসি